# বাংলাদেশ কৃষি ব্যাংক

প্রধান কার্যালয়

৮৩-৮৫, মতিঝিল বা/এ, ঢাকা।

ফোন ঃ ০২-৯৫৫১৬৩০
ফ্যাক্স ঃ ০২-৯৫৬১২১১


## রুরাল এন্ড মাইক্রোক্রেডিট বিভাগ

নং প্রকা/রুমাবি-১৯৯(অংশ-২)/২০১৮-২০১৯/৪৯৬ তারিখ ঃ ০৬-০১-২০১৯ খ্রিঃ

মুখ্য আঞ্চলিক/আঞ্চলিক ব্যবস্থাপক
বাংলাদেশ কৃষি ব্যাংক
মুখ্য আঞ্চলিক/আঞ্চলিক কার্যালয়
ঢাকা/গাজীপুর/নারায়নগঞ্জ/ মানিকগঞ্জ/ টাঙ্গাইল(দঃ)/ টাঙ্গাইল(উঃ)/কিশোরগঞ্জ/শেরপুর/ জামালপুর/কুমিল্লা/লাকসাম/চাঁদপুর/ নোয়াখালী/ ফেনী/লক্ষীপুর/ চট্টগ্রাম (পুর্ব)/চট্টগ্রাম (পশ্চিম) /পটিয়া/কক্সবাজার/ মাদারীপুর/গোপালগঞ্জ/ বরিশাল/ ঝালকাঠি/ পিরোজপুর/ভোলা/ পটুয়াখালী /বরগুনা /বাগেরহাট/ ঝিনাইদহ/ মাগুরা/নড়াইল/কুষ্টিয়া/চুয়াডাঙ্গা ও মৌলভী বাজার অঞ্চল।
শাখা ব্যবস্থাপক (সংশ্লিষ্ট মুখ্য আঞ্চলিক/আঞ্চলিক ব্যবস্থাপকের মাধ্যমে)।

বিষয় ঃ স্বনির্ভর বাংলাদেশ এর সুপারিশে স্বনির্ভর কর্মসূচীর আওতায় বিতরণকৃত ঋণ আদায় প্রসঙ্গে।

প্রিয় মহোদয়,

উপর্যুক্ত বিষয়ের প্রতি আপনাদের দৃষ্টি আকর্ষণ করা যাচ্ছে।

০২। অত্র ব্যাংকের স্বনির্ভর কর্মসূচীর আওতায় বিতরণকৃত ঋণের অধিকাংশ অর্থ খেলাপী হয়ে পড়ায় BKB Risk Management Unit কমিটির নভেম্বর/২০১৮ ইং মাসের সভায় এ বিষয়ে বিস্তারিত আলোচনা শেষে নিম্নরূপ সিদ্ধান্ত গৃহীত হয়েছে ঃ

> "ঋণ আদায়ের প্রচেষ্টা আরোও জোরদার করতে হবে। যে সমস্ত স্বনির্ভর ঋণ গ্রহিতা টাকা পরিশোধ পূর্বক নতুন করে ঋণ নিতে আগ্রহী তাদের সামগ্রিক অবস্থা বিচার বিবেচনা করে খাত পরিবর্তন করে ঋণ প্রদান করা যেতে পারে। এছাড়াও বাংলাদেশ ব্যাংক এবং ব্যাংকের বিদ্যমান সুদ মওকুফের যে নীতিমালা আছে সে মোতাবেক ব্যবস্থা গ্রহণের জন্য মাঠ পর্যায়ে চিঠি প্রেরণ করতে হবে। এ ব্যাপারে অগ্রগতি পরবর্তী সভায় উপস্থাপন করতে হবে।"

০৩। এমতাবস্থায় বিকেবি, BKB Risk Management Unit কমিটির নভেম্বর/২০১৮ইং মাসের সভার সিদ্ধান্ত মোতাবেক নিম্নের কতিপয় নির্দেশনা প্রদান করা হলো।

(ক) ঋণ আদায়ের প্রচেষ্টা আরও জোরদার করতে হবে।

(খ) যে সমস্ত স্বনির্ভর ঋণ গ্রহিতা টাকা পরিশোধ পূর্বক নতুন করে ঋণ নিতে আগ্রহী তাদের সামগ্রিক অবস্থা বিচার বিবেচনা করে খাত পরিবর্তন করে ঋণ প্রদান করা যেতে পারে।

(গ) বাংলাদেশ কৃষি ব্যাংক, প্রধান কার্যালয়ের ঋণ আদায় বিভাগের ০৬-০৮-২০১৮খ্রিঃ তারিখের ঋণ আদায় মহাবিভাগ পরিপত্র নং ২/২০১৮ মোতাবেক ঋণ সুদ মওকুফ নীতিমালার আলোকে স্বনির্ভর ঋণের সুদ মওকুফের সুযোগ রয়েছে। এ সুযোগ কাজে লাগিয়ে স্বনির্ভর ঋণ আদায়ের জোর প্রচেষ্টা অব্যাহত রাখতে হবে।

(ঘ) এছাড়াও অত্র বিভাগের ০৯-১২-২০১৮ ইং তারিখের পত্র নং প্রকা/রুমাবি-১৯৯(অংশ-জ২)/২০১৮-২০১৯/৩৯০ এর নির্দেশনায় স্বনির্ভর মাঠকর্মী কর্তৃক আদায়কৃত টাকা যাতে হস্তমজুদ না হয় এ বিষয়ে সতর্ক দৃষ্টি রাখার জন্য বিশেষভাবে অনুরোধ করা হলো।

আপনার বিশ্বস্ত,

০৬/০১/১৯

(শাহাব উদ্দিন আহমেদ)
উপ-মহাব্যবস্থাপক

সদয় অবগতির জন্য অনুলিপি প্রেরণ করা হলো ঃ

০১) স্টাফ অফিসার, মহাব্যবস্থাপক (পরিকল্পনা ও পরিচালন মহাবিভাগ) মহোদয়ের দপ্তর, বিকেবি, প্রধান কার্যালয়, ঢাকা।

০২) স্টাফ অফিসার, সকল মহাব্যবস্থাপক মহোদয়ের দপ্তর, বিকেবি, বিভাগীয় কার্যালয়সমূহ।

০৩) উপ-মহাব্যবস্থাপক, আইসিটি সিস্টেমস্‌, কার্ড ও মোবাইল ব্যাংকিং বিভাগ, বিকেবি, প্রকা, ঢাকা (তাঁকে পত্রখানি ব্যাংকের অফিসিয়াল ওয়েবসাইটে আপলোড করার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করার জন্য অনুরোধ করা হলো)।